

# অনলাইনে যেসব কাজের চাহিদা সবচেয়ে বেশি



আপনি হয়তো প্রচলিত ৯-৫টার চাকরি করতে করতে হাঁপিয়ে উঠেছেন। তাই এই একঘেয়েমি চাকরি থেকে মুক্তি চাইছেন। অথবা যেকোনো শারীরিক সমস্যার কারণে পূর্ণ সময়ের চাকরি করতে অক্ষম। আবার অনেকেই এমন আছেন, যাদেরকে বাড়িতে থেকে বাবা-মায়ের দেখাশোনা করতে হয়। অথবা অন্য কোনো সীমাবদ্ধতার কারণে যারা পূর্ণ সময়ের চাকরি

করতে পারছেন না, তাদের জন্য অনলাইন হতে পারে পূর্ণ সময়ের চাকরির সর্বোত্তম বিকল্প এবং আয়ের বড় একটি মাধ্যম। বর্তমানে অনলাইনে ঘরে বসে কাজ করে প্রচলিত চাকরির চেয়েও কয়েক গুণ বেশি টাকা উপার্জন করা যায়।

অনলাইনেও প্রচুর কাজের সুযোগ রয়েছে, যা আপনি আপনার ঘরে বসেই করতে পারবেন। এ লেখায় বর্তমান সময়ে অনলাইনের সবচেয়ে চাহিদাসম্পন্ন কিছু কাজের কথা তুলে ধরা হলো। লিখেছেন **মোখলেছুর রহমান**

## ভার্চুয়াল সহকারী

উদ্যোক্তা, পেশাদার এবং ছোট ছোট ব্যবসায়িক দলগুলোর প্রায়ই বিভিন্ন প্রশাসনিক কাজের জন্য সহকারীর প্রয়োজন হয়। আর এ ক্ষেত্রে তারা অথবা অফিসে কর্মী সংখ্যা না বাড়িয়ে অনলাইন মার্কেটপ্লেস থেকে ভার্চুয়াল সহকারী (ভিএ) নিয়োগ করে।

তাদের ব্যবসায়গুলো পরিচালনা করেন।

ভার্চুয়াল সহকারী হতে গেলে কিছু নির্দিষ্ট যোগ্যতা বা প্রশিক্ষণ থাকতে হয়। যদি আপনার ভালো যোগাযোগ দক্ষতা থাকে এবং এমএস অফিসের মতো অ্যাপ্লিকেশন ব্যবহার করতে সক্ষম হন, তবে আপনি আপওয়ার্ক, ফ্রিল্যান্সারডটকম বা পিপলপারআওয়ারের মতো অনলাইন মার্কেটপ্লেসগুলোতে সাইনআপ করে ভার্চুয়াল সহকারীর কাজ খোঁজা শুরু করতে পারেন।

## অনুবাদ

প্রতিদিন পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন ভাষায় গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় নিয়ে গবেষণা বা লেখালেখি হচ্ছে। এই গবেষণা বা লেখাগুলো পৃথিবীর অন্যান্য ভাষাভাষী মানুষের কাছে পৌঁছে দিতে অনুবাদের কাজ করা হয়। একাধিক ভাষাজ্ঞানসম্পন্ন ব্যক্তি ঘরে বসে বিভিন্ন প্রতিষ্ঠানের হয়ে এই কাজগুলো করে দেয়ার মাধ্যমে অর্থ উপার্জন করে

থাকেন। কাজটি করতে ইংরেজিসহ অন্যান্য কিছু ভাষা ও ব্যাকরণ সম্পর্কে জ্ঞান থাকা জরুরি। মাতৃভাষার পাশাপাশি অন্যান্য বিদেশি ভাষায় যাদের ভালো জ্ঞান আছে, এ ক্ষেত্রে তাদের চাহিদা বেশি। বিদেশি ভাষা শেখানো হয় এমন অনেক প্রতিষ্ঠান আছে। তাই ভালো কোনো প্রতিষ্ঠানে ভাষাশিক্ষার ব্যাপারে খোঁজ নিয়ে আপনিও হয়ে যেতে পারেন একজন দক্ষ অনুবাদক।

অনুবাদের কাজ করে উপার্জন করতে আপওয়ার্ক ও ফাইভারের মতো জনপ্রিয়

ফ্রিল্যান্সিং সাইটগুলোতে নিবন্ধন করে আপনি যে ভাষায় দক্ষ হচ্ছেন, তা তালিকাভুক্ত করে কাজ করা শুরু করতে পারেন।

## ব্লগিং

বর্তমান বিশ্বে একটি জনপ্রিয় শব্দ ব্লগিং বা ব্লগ থেকে আয়। বিশ্বের বিভিন্ন দেশের ব্লগারেরা ব্লগিং করে অনলাইন থেকে প্রচুর অর্থ উপার্জন করছেন। আপনিও যদি ভালো মানের ব্লগ পাবলিশার হতে পারেন, তবে অন্যান্য কাজের চেয়ে কম পরিশ্রমে সারাজীবন প্রচুর অর্থ উপার্জন করতে পারবেন।



ব্লগিং হচ্ছে এমন এক ধরনের ব্যবসায়, যেখানে আপনাকে আগে ভালো মানের তথ্যসমৃদ্ধ একটি ওয়েবসাইট তৈরি করতে হবে এবং সেখানে এই তথ্য পড়ার বা জানার জন্য যখন বিভিন্ন লোকজন আপনার ওয়েবসাইটে আসতে থাকবে, তখন সেখানে আপনি বিজ্ঞাপন বসিয়ে ব্লগ থেকে আয় করতে পারবেন।

আপনি যে বিষয় নিয়ে লিখতে পছন্দ করেন বা অন্যকে জানাতে চান, তাই নিয়ে লিখুন। আপনার চিন্তা-ভাবনা, পরামর্শ অন্যের কাছে পৌঁছে দিন অথবা আপনার কোনো ব্যবসায় প্রতিষ্ঠান থাকলে সেটা নিয়ে ব্লগ করুন।

বর্তমানে ব্লগ থেকে আয় করার সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হচ্ছে বিজ্ঞাপন। তবে মনে রাখতে হবে, বিজ্ঞাপন থেকে আয় করতে হলে আপনার ব্লগটির জনপ্রিয়তা থাকতে হবে অর্থাৎ প্রচুর ভিজিটর থাকতে হবে। ভালো মানের ব্লগ হলে আপনি গুগল অ্যাডসেস পেতে পারেন। এ ছাড়া আপনি আপনার ব্লগে এফিলিয়েট মার্কেটিং পদ্ধতি প্রয়োগ করার মাধ্যমেও আয় করতে পারেন।

## অনলাইনে পণ্য বিক্রি

অনলাইনে নিজের বা অন্যের পণ্য বিক্রির মাধ্যমেও আপনি ভালো মানের একটি উপার্জন নিশ্চিত করতে পারেন। এ ক্ষেত্রে আপনার উপার্জন নির্ভর করবে পণ্য ও পণ্যের মূল্য অনুযায়ী। আপনি যে প্ল্যাটফর্মে কাজ করবেন, তাদের অল্প একটু ফি কাটার পর বাকি রাজস্ব পুরোটাই আপনি পাবেন।

প্রথমে আপনি কী বিক্রি করতে চান, তা নির্ধারণ করুন। পণ্যগুলো কেনার মাধ্যমে একটি তালিকা তৈরি করুন। তারপর যে দামে পণ্যগুলো বিক্রি করতে চান, তা নির্ধারণ করে

(বাকি অংশ ২৯ পৃষ্ঠায়)